

আশ্রয়ণের অধিকার  
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা।  
(www.ashrayanpmo.gov.bd)



স্মারক নং- ০৩.০২.০০০০.৭০৩.১৪.২৫২.২০-৩৯৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৭ ব.  
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ ২০২০-২১ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দ আদেশ।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে ৮ ও ৯ নং কলামের বর্ণনা অনুযায়ী বরাদ্দ আদেশ প্রদান করা হল।


ক্র. নং	জেলা	উপজেলা	আশ্রয়ণ প্রকল্পের নাম	অনুমোদিত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন	পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ (মে.টন)	২০২০-২১ অর্থ বছরের রেইট সিডিউল অনুযায়ী সংশোধিত মোট খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন	বর্তমানে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন (চাল: গম ১:১.৩৬)	
							অংকে	কথায়
১	২	৩	৪	৫	৬	৭ (৮+৬)	৮ (৭-৬)	৯
১	গাইবান্ধা	ফুলছড়ি	বাজে তেলকুপি (২০২০-২১)	৪৩০.৫৫৩	২০০.০০০	৪৩০.৫৫৩	২৩০.৫৫৩	দুইশত ত্রিশ দশমিক পাঁচ পাঁচ তিন
২	নীলফামারী	সদর	বেড়াডাংগা (২০১৯-২০)	২৮০.০৮৭	১৫০.০০০	২৭৭.২৭৯	১২৭.২৭৯	একশত সাতাশ দশমিক দুই সাত নয়
৩	ভোলা	মনপুরা	চর নিজাম বীরমুক্তিযোদ্ধা-২ (মেরামত)	২৪৮.৬৬৯	-	২৪৮.৬৬৯	২৪৮.৬৬৯	দুইশত আটচল্লিশ দশমিক ছয় ছয় নয়
মোট =				৯৫৯.৩০৯	৩৫০.০০০	৯৫৬.৫০১	৬০৬.৫০১	ছয়শত ছয় দশমিক পাঁচ শূন্য এক

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত গমের বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারী করবেন। কাজ সমাপ্তির তারিখ ৩১ মার্চ, ২০২১ খ্রি.।

০৩। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭(সাত) তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৪। বর্ণিত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় “প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর’২০১৪)” অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। তবে যে সকল প্রকল্পে সুবিধাভোগী পরিবার বসবাস করছে সেখানে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সমাজকর্মী হিসেবে সংশ্লিষ্ট আশ্রয়ণ-২ প্রকল্পের সুবিধাভোগীদের দ্বারা পরিচালিত সমিতি কর্তৃক নির্বাচিত দুইজন সদস্য অন্তর্ভুক্ত করতে হবে।

- ০৫। উপর্যুক্ত প্রকল্প সমূহের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।
- ০৬। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।
- ০৭। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারী করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিতকরতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন। যথাসময়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ ব্যর্থতা কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করা হবে।
- ০৮। বরাদ্দপত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে 'emboss' সীল মিলিয়ে দেখতে হবে।
- ০৯। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফট বিবেচনা করা হবে না।
- ১০। যে সকল প্রকল্পে মাটির কাজ অসমাপ্ত থাকবে কর্মোত্তর জরিপে সে সকল প্রকল্পের লেভেলিং, ড্রেসিং ও টারফিং আইটেম বিবেচনা করা যাবে না।
- ১১। সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজটি সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প এর পূর্ব অনুমোদন ব্যতিরেকে প্রস্তাবিত প্রকল্পস্থান/ডিজাইন পরিবর্তন করা যাবে না।
- ১২। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চতুর্পার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালি ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।
- ১৩। প্রকল্পের প্রাক-পরিমাপ ও চূড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১৪। সরকারি প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।



মোঃ মাহবুব হোসেন  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

☎ ৪৮১১২৬১৮

মোবাইলঃ-০১৭১১৫৬৪৬৬৬

ইমেইল-([ashrayanpmo@gmail.com](mailto:ashrayanpmo@gmail.com))

জেলা প্রশাসক

গাইবান্ধা/নীলফামারী/ভোলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, রংপুর/বরিশাল।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা/নীলফামারী/ভোলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা/নীলফামারী সদর, নীলফামারী/মনপুরা, ভোলা।
- ৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলছড়ি, গাইবান্ধা/নীলফামারী সদর, নীলফামারী/মনপুরা, ভোলা।
- ৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা/নীলফামারী সদর, নীলফামারী/মনপুরা, ভোলা।